



## ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
জনতথ্য বিভাগ



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং : ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৭০৬

তারিখঃ ৩০/০৭/২০২০

বার্তা সম্পাদক  
যমুনা টেলিভিশন  
ঢাকা।

বিষয়ঃ “ওয়াসার পরামর্শকের একদিনের ফি ১৫ লাখ টাকা” শিরোনামে সম্প্রচারিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার প্রতিবাদ।

গত ২৯ শে জুলাই, ২০২০ তারিখে আপনাদের যমুনা টিভি চ্যানেলে ঘন্টায় ঘন্টায় প্রচারিত ভিডিও নিউজে “ওয়াসার পরামর্শকের একদিনের ফি ১৫ লাখ টাকা” শিরোনামে প্রচারিত সংবাদটির ঢাকা ওয়াসার দৃষ্টি গোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপঃ

সায়েদাবাদ পানি শোধনাগার টেকনিক্যাল সাপোর্ট সার্ভিসেস এবং ও এন্ড এম (অপারেশন এন্ড মেইনটেনেন্স) চুক্তির উপর প্রকাশিত সচিত্র প্রতিবেদনটি শিরোনামসহ অসত্য, ভিত্তিহীন, বানোয়াট ও উদ্দেশ্য প্রনোদিত। প্রতিবেদনে এক পরামর্শকে দৈনিক ১৫ লাখ টাকা ফি দিচ্ছে বলে প্রতিবেদনে যে কল্পিত হিসাব দেখানো হয়েছে, তা সঠিক নয়। প্রকৃতপক্ষে, পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণ করেই সিপিটিইউ প্রণীত টেন্ডার ডকুমেন্ট ফরম্যাট PW7 অনুসরণ করে ৩ (তিন) বৎসর বা ৩৬ মাস মেয়াদে (জানুয়ারি’২০১৮ হতে ডিসেম্বর’২০২০ পর্যন্ত) সরাসরি ক্রয় পদ্ধতিতে Suez International এর সাথে টেকনিক্যাল সাপোর্ট সার্ভিসেস এবং ও এন্ড এম এর আলোচ্য চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত কোম্পানীর সাথে প্ল্যান্ট চালু রাখাসহ ২০১২ হতে ১ম পর্যায় ৩ বৎসর এবং ২য় পর্যায় ২বৎসরের পরিচালন লোকবলসহ ও এন্ড এম চুক্তি ছিল যা ২০১৮ সালে সীমিত আকারে পরিচালন ও রক্ষণাবেক্ষন কাজের টেকনিক্যাল সাপোর্ট এর আওতায় ৩ বৎসরের জন্য করা হয়। চুক্তিতে যা আছে, তা হ’লঃ

ক) প্রতিদিনের পরিশোধন প্রসেস, পানির গুনাগুন ও উৎপাদন রিপোর্ট পর্যালোচনা।

খ) SCADA Software preventive maintenance after 3 month interval by Microsoft Team, Fee

গ) SCADA Software Armory এর Annual Renewal Fee

ঘ) Computerized Maintenance Management System এর Info Enterprise Asset Management Software Annual Renewal Fee

ঙ) সায়েদাবাদ ফেজ-১ এর আপগ্রেডেশন ও অটোমেশন কাজের monitoring, supervision etc

চ) সারুলিয়া Intake, DND Aeration Zone, Transmission Network supervision and reporting.

ছ) Pre-Treatment Plant (Meteor) i.e. Ammonia removal plant operation & maintenance plan every year.

জ) Key Performance Indicator (KPI) report evaluation of Phase 1 & 2

ঝ) ট্রেনিং, ওয়ার্কশপ প্রভৃতির মাধ্যমে লোকবলের সক্ষমতা বৃদ্ধি।


ঞ) ১ম বৎসর ২ মাস পর ৬ টি, ২য় বৎসর ৩ মাস পর ৪ টি, ৩য় বৎসর ৬ মাস পর ২ টি- মোট ১২ টি '১ সপ্তাহের এক্সপার্ট টীমের ফিজিক্যাল ভিজিট'।

উক্ত চুক্তি অনুযায়ী ৩৬ মাসের চুক্তিমূল্য USD 11,34,774 (এগারো লক্ষ চৌত্রিশ হাজার সাত শত চুয়াত্তর ইউ এস ডলার) অর্থাৎ ৯৫৩ (নয়শত তিপান্ন) লক্ষ টাকা। এতে দেখা যায় যে, প্রতি মাসে ব্যয় ২৬.৪৭ লক্ষ টাকা যা কোন ভাবেই দৈনিক ১৫ লক্ষ টাকা নয়। তদুপরি উক্ত চুক্তির আওতায় বিভিন্ন ধরনের সফটওয়্যার নবায়ন ফি রয়েছে, যা উর্ধ্বতন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করতঃ ঢাকা ওয়াসা বোর্ড কর্তৃক ২৪৭ তম সভায় (২০১৭ সালের ১৫ই নভেম্বর তারিখে) অনুমোদিত হয়েছে।

"যন্ত্রাংশ কিনবে পরামর্শক, পাবে কাজের ৬% লাভ"- প্রচারিত সংবাদের এ তথ্যটি চুক্তির পুরোপুরি ভুল ব্যাখ্যা। উক্ত চুক্তির ম্যামোরেন্ডম অব আন্ডারস্ট্যান্ডিং (MOU) এর আওতায় প্ল্যান্টে ব্যবহৃত নির্দিষ্ট ব্র্যান্ডের স্পায়ার আইটেম সরাসরি উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক ফ্যাক্টরী মূল্যে সরবরাহের শর্ত আছে। পিপিআর-২০০৮ অনুযায়ী সরবরাহকারীকে ১০% লাভ দেয়ার অনুমতি আছে। এক্ষেত্রে সরাসরি চুক্তি করার কারণে সুবিধাজনক শর্তে অর্থাৎ কম লাভে ৬% প্রদানের সমঝোতা হয়। বিশ্বমানের পানি শোধনাগার প্ল্যান্ট রক্ষণাবেক্ষণের জন্য যা বাস্তবসম্মত এবং সরকারী ক্রয় নীতিমালা অনুসরণ করেই করা হয়েছে।

পরিশেষে, সম্প্রচারিত সংবাদটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের "যমুনা টেলিভিশন" এ সম্প্রচার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

ঢাকা ওয়াসা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে

  
এ. এম. মোস্তফা তারেক  
উপ প্রধান জনতথ্য কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।